# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 10 April, 2025

ঝালকাঠি জেলার নলছিটি ও কাঠালিয়া উপজেলায় এসএসসি ও সমমান পরীক্ষার প্রথম দিনেই একজন পরীক্ষার্থীকে বহিষ্কার এবং দায়িত্বে অবহেলার অভিযোগে চারজন শিক্ষককে পরীক্ষার দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) অনুষ্ঠিত বাংলা প্রথম পত্রের পরীক্ষায় নলছিটি উপজেলার হদুয়া বৈশাখীয়া ফাজিল মাদরাসা কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে মো. ইয়াসিন নামে এক শিক্ষার্থীকে বহিষ্কার করেন কেন্দ্র সচিব মো. আব্দুর রব।

অন্যদিকে, নলছিটি বালিকা মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে দায়িত্বে অবহেলার অভিযোগে তিন শিক্ষককে তাৎক্ষণিকভাবে অব্যাহতি দেন কেন্দ্র সচিব জলিলুর রহমান আকন।অব্যাহতি পাওয়া শিক্ষকরা হলেন—নলছিটি বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আফসানা শারমিন, নলছিটি ইসলামিয়া ফাজিল মাদরাসার শিক্ষক জুয়েল রানা এবং প্রতাপ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক খলিলুর রহমান।

নলছিটি উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলাম জানান, "আমরা একটি স্বচ্ছ ও নকলমুক্ত পরীক্ষা আয়োজনের জন্য বদ্ধপরিকর। একজন শিক্ষার্থী অসদুপায় অবলম্বন করায় তাকে বহিষ্কার করা হয়েছে এবং দায়িত্বে অবহেলার কারণে তিন শিক্ষককে পরীক্ষার কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।"

এদিকে, ঝালকাঠির কাঠালিয়া উপজেলার আমুয়া বন্দর আমির মোল্লা মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে ১০ নম্বর কক্ষে দায়িত্ব পালনে গাফিলতির অভিযোগে ভবতোষ রায় নামে এক শিক্ষককেও পরীক্ষার দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।বিষয়টি পর্যবেক্ষণ করে বরিশাল শিক্ষা বোর্ডের টিম লিডার অধ্যক্ষ মো. রুহুল আমিন বেপারী তাৎক্ষণিকভাবে এ সিদ্ধান্ত নেন।

কেন্দ্র সচিব মো. শামীম মোল্লা নিশ্চিত করে বলেন, "ভবতোষ রায় চলতি এসএসসি ২০২৫ পরীক্ষার বাকি সময়ে আর কোনো পরীক্ষার দায়িত্বে থাকতে পারবেন না।"

উল্লেখ্য, নলছিটি উপজেলায় এবছর ৯টি কেন্দ্রে মোট ৩ হাজার ৭৬০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেছে, যার মধ্যে ৫১ জন অনুপস্থিত ছিল।

ছবি ক্যাপশনঃ- কাঠালিয়া উপজেলার আমুয়া বন্দর আমির মোল্লা মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনে গাফিলতির অভিযোগে ভবতোষ রায় নামে এক শিক্ষককে পরীক্ষার দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়।

বহিষ্কার অব্যাহতি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:55

URL: https://timestodaybd.com/barishal/589775807